# GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২০-২১

## অনলাইনে চুড়ান্ত আবেদনের নির্দেশিকা

২০২০-২০২১ শিক্ষাবর্ষে GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত ২০ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নের ধাপগুলো অনুসরণ করে **০১/০৯/২০২১ তারিখ দুপুর ১২:০০টা হতে ০৭/০৯/২০২১ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত** চুড়ান্ত আবেদন সম্পন্ন করা যাবে।

**ধাপ-১:** Login বাটনে ক্লিক করে চুড়ান্ত আবেদন শুরু করুন।

**ধাপ-২:** নিচের পেজটি প্রদর্শিত হবে। SMS এর মাধ্যমে প্রদত্ত Application ID ও Password সঠিকভাবে প্রদান করে নিচের Login বাটনে ক্লিক করুণ।




**ধাপ-৩:** আপনার এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা সংক্রান্ত এবং অন্যান্য তথ্য প্রদর্শিত হবে যা মনোযোগ সহকারে যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যসমূহ নির্ভুল থাকলে Apply বাটনে ক্লিক করুন। ভুল তথ্য প্রদান করে থাকলে Back বাটন ক্লিকের মাধ্যমে তা সংশোধন করতে পারবেন

আবেদনের জন্য অগ্রসর হতে না চাইলে Exit বাটনে ক্লিক করুন।



**ধাপ-৪:** Apply বাটনে ক্লিক করলে SMS এর মাধ্যমে আবেদনকারীর মোবাইল নম্বরে ৪ ডিজিটের OTP (One Time Password) পৌঁছে যাবে এবং নিচের পেজটি প্রদর্শিত হবে। প্রাপ্ত OTP টি প্রদান করে Verify Mobile No. বাটনে ক্লিক করুণ।




মোবাইলে OTP পৌঁছাতে কিছু সময় লাগতে পারে। আবেদনকারীকে ধৈর্য সহকারে অপেক্ষা করার জন্য অনুরোধ করা হলো। কোন কারণে প্রদত্ত মোবাইল নম্বরে OTP না পৌঁছালে, পাঁচ (০৫) মিনিট পর Resend OTP বাটন প্রদর্শিত হবে। বাটনটিতে ক্লিক করলে একই মোবাইল নম্বরে নতুন OTP পৌঁছে যাবে। একাধিক OTP পৌঁছালে সর্বশেষ OTP টি ব্যবহার করতে হবে।

**ধাপ-৫:** প্রাপ্ত OTP এর মাধ্যমে সঠিকভাবে মোবাইল ভেরিফিকেশন সম্পন্ন করলে নিম্নের পেজটি প্রদর্শিত হবে। উল্লেকখিত নির্দেশনা অনুসরণ করে সঠিকভাবে ছবি আপলোড করতে হবে।



ছবি আপলোডের পর নিচের পেজটি প্রদর্শিত হবে। প্রয়োজনে একাধিকবার ছবি আপলোড করা যাবে। ছবি আপলোডের পর নিচের **Next** বাটনে ক্লিক করতে হবে।




**ধাপ-৬:** এরপর নিচের পেজটি পাওয়া যাবে। যেখানে পছন্দের ক্রমানুসারে পরীক্ষাকেন্দ্র সিলেক্ট করা সহ নির্দেশনা অনুসারে অন্যান্য তথ্য প্রদান করতে হবে।



**ধাপ-৭:** পরবর্তীতে **Next** বাটনে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে। এখানে ছবিসহ সংশ্লিষ্ট সকল তথ্য পাওয়া যাবে। তথ্যসমূহ মনোযোগ সহকারে যাচাই করার জন্য অনুরোধ করা হলো। সকল তথ্য নির্ভুল থাকলে **Submit Application** বাটনে ক্লিক করুন। ভুল তথ্য প্রদান করে থাকলে **Back** বাটন ক্লিকের মাধ্যমে তা সংশোধন করতে পারবেন। আবেদনের জন্য অগ্রসর হতে না চাইলে **Exit** বাটনে ক্লিক করুন।




**ধাপ-৮:** **Submit Application** বাটনে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে। দরখাস্তটি দাখিল করা হয়েছে তবে নির্ধারিত সময়ের মধ্যে বিল পরিশোধ না করলে দাখিলকৃত দরখাস্ত বাতিল হবে। **Make Payment** বাটনে ক্লিক করে নির্দেশিত প্রক্রিয়ায় বিল পরিশোধ করা যাবে। **Download Acknowledgement Slip** বাটনে ক্লিকের মাধ্যমে আবেদনকারীর ছবি সম্বলিত স্লিপ ডাউনলোড করতে পারবেন। স্টুডেন্ট প্যানেল থেকেও পরবর্তীতে Acknowledgement Slip ডাউনলোড করা যাবে।

**ধাপ-৯:** বিল পরিশোধ না করে Back to Student Panel বাটনে ক্লিক নিচের পেজটি দেখা যাবে। এখানে Download Acknowledgement Slip বাটনে ক্লিকের মাধ্যমে আবেদনকারীর ছবি সম্বলিত স্লিপ ডাউনলোড করতে পারবেন।



Make Payment বাটনে ক্লিক করে নিচে প্রদর্শিত অপশনগুলি থেকে পেমেন্ট মেথড সিলেক্ট করে নির্দেশিত প্রক্রিয়ায় বিল পরিশোধ করা যাবে।




বিল পরিশোধ সম্পন্ন হলে নিচের পেজ প্রদর্শিত হবে যেখান থেকেও Acknowledgement Slip টি পাওয়া যাবে।



এরপর Back to Student Panel বাটনে ক্লিক নিচের পেজটি দেখা যাবে। যেখানে দরখাস্ত সম্পন্ন হওয়ার স্ট্যাটাস পরিলক্ষিত হয়।




**ধাপ-১০:** ছবি পরিবর্তন করতে চাইলে Change Photo বাটনে ক্লিক করে তা পরিবর্তন করা যাবে। পরীক্ষাকেন্দ্র ও অন্যান্য তথ্য পরিবর্তন করার প্রয়োজন হলে View details/Update বাটনে ক্লিক করে তা সম্পন্ন করতে হবে। যে কোন তথ্য পরিবর্তনের জন্য OTP ভেরিফিকেশন প্রয়োজন হবে। তবে দুইবারের বেশী ছবি বা অন্য কোন তথ্য পরিবর্তন করা যাবে না।




View details/Update বাটনে ক্লিক করলে নিচের পেজটি দেখা যাবে। Update বাটনে ক্লিকের মাধ্যমে সংশ্লিষ্ট নির্দেশনা অনুযায়ী পরীক্ষাকেন্দ্র ও অন্যান্য তথ্য আপডেট করা যাবে।



**আবেদনের করতে কোন সমস্যার সম্মুখীন হলে নিচের ধাপগুলো অনুসরণ করে Complain করা যাবে এবং স্টুডেন্ট প্যানেলের মাধ্যমে Complain-এর অগ্রগতি জানা যাবে।**

**ধাপ-১:** অভিযোগ জানানোর জন্য হোমপেজে প্রদর্শিত Complain Box বাটনে ক্লিক করে তা সম্পন্ন করা যাবে।

**ধাপ-২:** পরবর্তীতে নিচের পেজটি প্রদর্শিত হবে। আপনার এইচএসসি/সমমান পরীক্ষা সংক্রান্ত প্রয়োজীয় তথ্য সমূহ (রোল নম্বর, বোর্ড ও পাশের সাল) সঠিকভাবে প্রদান করুন। অতপর, Submit বাটনে ক্লিক করতে হবে।



**ধাপ-৩:** নিচের পেজটি প্রদর্শিত হবে। প্রদর্শিত তথ্য সঠিক বলে প্রতীয়মান হলে অভিযোগের বিস্তারিত লিখে Submit বাটনে ক্লিক করতে হবে।




অভিযোগ দাখিল করার পর নিচের পেজটি দেখা যাবে যা সঠিকভাবে দাখিল হয়েছে বলে প্রতিয়মান হয়।




**ধাপ-৪:** অভিযোগের অবস্থা জানতে হোমপেজের Complain Box -এ ক্লিকের মাধ্যমে এইচএসসি/সমমান পরীক্ষা সংক্রান্ত প্রয়োজীয় তথ্যসমূহ প্রদান করে স্টুডেন্ট প্যানেলে প্রবেশ করলে অভিযোগের অবস্থা জানা যাবে।

## মোবাইল নম্বর পরিবর্তনের প্রয়োজন হলে নিচের ধাপগুলো অনুসরণ করে আবেদন করা যাবে।

**ধাপ-১:** মোবাইল নম্বর পরিবর্তন করতে চাইলে হোমপেজে প্রদর্শিত Change Mobile Number বাটনে ক্লিক করে তা সম্পন্ন করা যাবে।

**ধাপ-২:** পরবর্তীতে নিচের পেজটি প্রদর্শিত হবে। আপনার এইচএসসি/সমমান পরীক্ষা সংক্রান্ত প্রয়োজীয় তথ্য সমূহ (রোল নম্বর, বোর্ড ও পাশের সাল) সঠিকভাবে প্রদান করুন। অতপর, Change Mobile Number বাটনে ক্লিক করতে হবে।




**ধাপ-৩:** নিচের পেজটি প্রদর্শিত হবে। Photo ID আপলোডের পর নতুন মোবাইল নম্বর প্রদান করতে হবে এবং মোবাইল পরিবর্তনের কারন উল্লেখ করে Submit Document বাটনে ক্লিক করতে হবে।




**ধাপ-৪:** এরপর নিচের পেজটি প্রদর্শিত হবে। মোবাইল পরিবর্তনের আবেদন সম্পন্ন হয়েছে। **Download Mobile Change Application Slip** বাটনে ক্লিক করে Application Slip টি ডাউনলোড করা যাবে।




**ধাপ-৫:** অভিযোগের অবস্থা জানতে হোমপেজের **Change Mobile Number** -এ ক্লিকের মাধ্যমে এইচএসসি/সমমান পরীক্ষা সংক্রান্ত প্রয়োজীয় তথ্যসমূহ প্রদান করে স্টুডেন্ট প্যানেলে প্রবেশ করলে অভিযোগের অবস্থা জানা যাবে।